

---

## পূর্বাশা-সম্পাদক সঞ্জয় ভট্টাচার্যকে লেখা বিভূতিভূষণের একমাত্র পত্র

---

বারাকপুর, ২৬-২-৪৭

প্রিয়বরেষু,

সঞ্জয়বাবু, এ মাসের ‘পূর্বাশা’য় আপনার ‘ভারতবর্ষ’কবিতাটি পাঠ করে মুগ্ধ ও বিস্মিত হয়েছি। ঐতিহাসিক দিগন্তের বিরাট ক্যানভাসে কি চমৎকার তুলির লিখন। কল্পনা ও বাস্তবের কি সমন্বয়! দ্রষ্টা যে, সে-ই কবি ও শিল্পী। আপনার শক্তিকে অভিনন্দন জ্ঞাপন করি।

ইতি বিনীত

শ্রীবিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

১৯৪৬-এর ‘স্বরাজ’ পত্রিকায় সঞ্জয় ভট্টাচার্যের ‘ভারতবর্ষ’ কবিতাটি প্রকাশিত হবারপর জানুয়ারি ১৯৪৭ সংখ্যার ‘পূর্বাশা’য় সেটি পুনর্মুদ্রিত হয়। বিভূতিভূষণ তখন ‘পূর্বাশা’তেইকবিতাটি পড়ে এই অভিনন্দনপত্র পাঠান।—নি.স.]